

সহপিডিয়া-ইউনেস্কো ফেলোশিপ ২০২০

Annexure IV

বিষয়বস্তুর বিবরণ

গবেষণা

কোনও একটি বিষয়, তা সম্পূর্ণ নতুন হোক কি বিদ্যমান, সঠিক সূত্রসহ সেই বিষয়টি সম্পর্কে নিয়মানুগ ও পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধানের মাধ্যমে নতুন বা একটি সম্পূর্ণ ভিন্ন দিক ও তৎসহ একটি উপসংহার উত্থাপন করা প্রয়োজন। গবেষণার ক্ষেত্রে প্রাথমিক এবং পূর্বকৃত, দু'ধরনের সূত্র নিয়েই আলোচনা করা প্রয়োজন। গবেষণাপ্রার্থী যদি এই মাধ্যমটি বেছে নেন, তবে সেক্ষেত্রে তাঁকে লিখিত প্রবন্ধ প্রেরণ করতে হবে।

তথ্য নির্মাণ

কোনও একটি বিষয়, তা সম্পূর্ণ নতুন হোক কি বিদ্যমান, তথ্যচিত্র বা আলোকচিত্র প্রদর্শনের মাধ্যমে সেই বিষয়টিকে উত্থাপন করতে হবে। গবেষণাপ্রার্থী যদি এই মাধ্যমটি বেছে নেন, তবে সেক্ষেত্রে তাঁকে দৃশ্য-শ্রাব্য বিষয়বস্তু প্রেরণ করতে হবে।

সম্মিলিত

এই মাধ্যমটি বেছে নিলে গবেষণাপ্রার্থীকে লিখিত প্রবন্ধ এবং দৃষ্টিলব্ধ বিষয়বস্তু, দু'ধরনের প্রেরণীয় বিষয়বস্তুই জমা দিতে হবে।

লেখার নিয়মাবলী

গবেষণা প্রবন্ধগুলি লিখতে হবে সাধারণ পাঠকের কথা ভেবে, বিশেষজ্ঞদের কথা ভেবে নয়। সেজন্য প্রবন্ধের ভাষা হতে হবে সহজবোধ্য এবং স্বচ্ছন্দ। লেখায় কোনোরকম অপভাষার ব্যবহার বা সূত্রের অস্পষ্টতা বর্জনীয়।

লেখায় মনোগ্রাহিতা একান্ত কাম্য এবং সেখানে বর্ণনা ও যুক্তি সাজানোর ক্ষেত্রে সঙ্গতি ও ভাষার গাঁথুনি বিশেষভাবে প্রয়োজনীয়। এখানে দীর্ঘ ও সংবর্ত বাক্যের ব্যবহার এড়িয়ে যাওয়াই শ্রেয়, সেইসঙ্গে ব্যবহার্য শব্দও হওয়া উচিত সহজ।

প্রতিটি প্রবন্ধ এবং ভিডিওর শেষে সঠিক সূত্র উল্লেখ করা জরুরি। প্রতিটি প্রেরণীয় বিষয়বস্তুর সঙ্গে তথ্যপঞ্জি/গ্রন্থপঞ্জি/সূত্রাবলীর একটি বিস্তারিত তালিকা জমা দিতে হবে।

আঞ্চলিক ভাষায় কাজের ক্ষেত্রে ইউনিকোড ফন্ট ব্যবহার করা বাঞ্ছনীয়।

sahapedia.org-তে প্রকাশিত কিছু নমুনা:

- [তরজাগান](#)
- [বিষ্ণুপুর ঘরানার শাস্ত্রীয় সঙ্গীত](#)

প্ৰেৰণীয় বিষয়বস্তু – ১: যেকোনো একটি বেছে নি

১. সচিত্ৰ সাৰ্বিক আলোচনামূলক প্ৰবন্ধ: এই প্ৰবন্ধটিকে হতে হবে গবেষণাৰ বিষয়ৰ উপৰ সাৰ্বিক ভূমিকা-নিৰ্ভৰ। শব্দসংখ্যা অনধিক ৩০০০। এই অংশে থাকবে সংশ্লিষ্ট বিষয়টিৰ অন্তৰ্গত ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্য সম্পৰ্কে বিস্তাৰিত আলোচনা, মূল বিচাৰ্য বিষয়গুলি সম্পৰ্কে নিৰ্দেশ, পূৰ্বকৃত কাজৰ উল্লেখ এবং গবেষণাৰ ভবিষ্যৎ পৰিসৰ সম্পৰ্কে আলোকপাত। যে বিষয়ৰ ক্ষেত্ৰে দৃষ্টিলব্ধ কোনও প্ৰদৰ্শন সম্ভব নয়, এমন বিষয় ছাড়া অন্য যেকোনো বিষয়ৰ ক্ষেত্ৰেই প্ৰবন্ধৰ সঙ্গে শিৰোনাম-সহ ৫-১০টি আলোকচিত্ৰ দিতে হবে। যিনি গবেষণা কৰবেন, প্ৰত্যাশামতো তাঁৰ নিজেরই প্ৰবন্ধটি লেখা উচিত, তবে তিনি চাইলে লেখাৰ জন্য কোনও একজন অভিজ্ঞ ব্যক্তিকে নিযুক্ত কৰতে পাৰেন।

sahapedia.org-তে প্ৰকাশিত কিছু নমুনা:

- [তৰজাগান: বাঙালিৰ একটি পৰম্পৰাগত সংস্কৃতিচৰ্চাৰ সন্ধান](#)
- [ভাৰতীয় শাস্ত্ৰীয় সংগীতৰ বিষুপুৰ ঘৰানা](#)

২. স্বল্পদৈৰ্ঘ্যৰ তথ্যচিত্ৰ (সময়সীমা ১৫-২০ মিনিট): সচিত্ৰ প্ৰবন্ধৰ যে উদ্দেশ্য, স্বল্পদৈৰ্ঘ্যৰ তথ্যচিত্ৰটিতেও সেই একই উদ্দেশ্য যেন সাধিত হয়, সেদিকে নজৰ ৰাখতে হবে। একটি সাৰ্বিক সুস্পষ্ট বৰ্ণনাৰ এবং কেন্দ্ৰীয় বিষয়টিৰ স্বচ্ছতাৰ মাধ্যমে সাৰ্বিক বিষয়টিৰ সম্পৰ্কে একটি প্ৰাঞ্জল ধাৰণা তথ্যচিত্ৰে ফুটিয়ে তুলতে হবে। প্ৰতিটি ভিডিওতে ইংৰাজি ভাষায় সাবটাইটেল থাকা জৰুৰি।

ভিডিওৰ সঙ্গে ৫০০ শব্দসীমাৰ মধ্যে একটি লিখিত সাৰসংক্ষেপ দিতে হবে। তথ্যচিত্ৰৰ ভাবনা, নিৰ্মাণ এবং প্ৰয়োজনা, সবকিছুর তত্ত্বাবধানৰ দায়িত্ব পালন কৰবেন গবেষক নিজেই। তবে ভিডিওগ্ৰাফিৰ কাজে তিনি কোনও পেশাদাৰ চিত্ৰগ্ৰাহককে নিযুক্ত কৰতে পাৰেন।

sahapedia.org-তে প্ৰকাশিত কিছু নমুনা:

- [The Historic Old Town of Leh](#)
- [Nettle Weaving by the Chakhesang Nagas](#)

(তথ্যচিত্ৰৰ কাজগুলি সহপিডিয়াৰ আভ্যন্তৰীণ সম্পাদক-কৰ্তৃক অনুমোদিত হওয়া বাঞ্ছনীয়।)

প্ৰেৰণীয় বিষয়বস্তু – ২ এবং ৩: যেকোনো দুটি বেছে নি

১. সচিত্ৰ বিশেষ নিবন্ধ: সচিত্ৰ প্ৰবন্ধে আলোচিত বিস্তৃত পৰিসৰৰ মধ্যে থেকে কোনও একটি নিৰ্দিষ্ট বিষয় তুলে এনে সেই সম্পৰ্কে এই অংশে আলোকপাত কৰতে হবে। ৩-৫টি আলোকচিত্ৰ এখানে থাকা প্ৰয়োজন। এক্ষেত্ৰেও, সংশ্লিষ্ট গবেষক নিজেই নিবন্ধটি লিখতে পাৰেন, অথবা, অন্য কোনও গবেষক বা অভিজ্ঞ ব্যক্তিকেও এই কাজে নিযুক্ত কৰতে পাৰেন।

sahapedia.org-তে প্ৰকাশিত কিছু নমুনা:

- [অসমৰ জাতীয় উৎসৱ হিচাপে বিহুঃ এক ঐতিহাসিক বিশ্লেষণ](#)
- [Gyan Chaupar: The Game that Became Snakes and Ladders in British India](#)

২. আলোকচিত্ৰ-সম্বলিত ৰচনা: আলোকচিত্ৰ-সম্বলিত ৰচনা হল প্ৰকৃতপক্ষে সংশ্লিষ্ট বিষয়টিৰ একটি চাক্ষুৰ দলিলা। আলোকচিত্ৰগুলিৰ সাপেক্ষে ৫০০-৮০০ শব্দৰ একটি লিখিত বৰ্ণনা থাকা প্ৰয়োজন। লিখিত বৰ্ণনাটিকে ভূমিকা এবং পুঙ্খানুপুঙ্খ বিবৰণ/ছবিৰ সম্প্ৰসাৰিত শিৰোনাম, এই দু'ভাগেও ভাগ কৰা যেতে পাৰে, অথবা, চলমান লেখাৰ মধ্যেই ছবিগুলিকে একসঙ্গে দিয়ে দেওয়া যেতে পাৰে। ছবি তোলা এবং লেখা, দুটি কাজ সংশ্লিষ্ট গবেষক একাই কৰতে পাৰেন,

অথবা, দুটি কাজের যেকোনো একটি কিংবা প্রয়োজনে দুটি কাজেই কোনও পেশাদার আলোকচিত্রী/লেখককে নিযুক্ত করতে পারেন।

প্রতিটি ছবির ক্ষেত্রে অধিক দৈর্ঘ্যের দিকে অন্তত ১৫০০ পিক্সেল এবং ছবির সাইজ ২ এমবি হতে হবে।

sahapedia.org-তে প্রকাশিত কিছু নমুনা:

- [Papier Mache Art of Kashmir: A Photoessay](#)
- [Many Colours of the Kathputli Community: The Performers and Their Paraphernalia](#)

(অথবা)

আলোকচিত্রপঞ্জি (৩০-৫০টি ছবি): আলোকচিত্রপঞ্জির ক্ষেত্রেও বিষয়টির একটি চাক্ষুষ দলিল উঠে আসা প্রয়োজন, কিন্তু আলোকচিত্র-সম্বলিত রচনার মতো এখানে কোনও লিখিত বর্ণনা জরুরি নয়। শুরুতে ২০০-৩০০ শব্দের মধ্যে একটি সংক্ষিপ্ত ভূমিকা লিখতে হবে এবং চিত্রপঞ্জির প্রতিটি ছবির শিরোনাম হতে হবে পুঙ্খানুপুঙ্খ এবং বিস্তারিত। ছবি তোলা এবং লেখা, দুটি কাজ সংশ্লিষ্ট গবেষক একাই করতে পারেন, অথবা, দুটি কাজের যেকোনো একটি কিংবা প্রয়োজনে দুটি কাজেই কোনও পেশাদার আলোকচিত্রী/লেখককে নিযুক্ত করতে পারেন।

sahapedia.org-তে প্রকাশিত কিছু নমুনা:

- [Infinite Wisdom: The Buddhas of Ananda](#)
- [A Little Corner of Baltistan: Crafts of Turtuk Village](#)

৩. লিখিত সাক্ষাৎকার: লিখিত সাক্ষাৎকারের ক্ষেত্রে একটি নির্দিষ্ট বিষয় সম্পর্কে জনৈক বিশেষজ্ঞ/চর্চাকারীর নিজস্ব দৃষ্টিভঙ্গি এবং অভিজ্ঞতা নথিভুক্ত করা প্রয়োজন। বিস্তারিত গবেষণা পূর্বক অনধিক ১০টি প্রশ্ন-সম্বলিত একটি প্রশ্নাবলী তৈরি করতে হবে। প্রশ্নগুলি হতে হবে বিষয়-নির্দিষ্ট এবং দৃষ্টিনিবন্ধ আলোচনার যোগ্য। সাক্ষাৎকারটির সমগ্র ভাবনা এবং পরিচালনার দায়িত্ব গবেষকের।

sahapedia.org-তে প্রকাশিত কিছু নমুনা:

- [বিষ্ণুপুর ঘরানার পণ্ডিত সৃজিত গঙ্গোপাধ্যায়ের সাথে সাক্ষাৎকার](#)
- [In Conversation with Dr Ritajyoti Bandyopadhyay on How the Three Post-Partition Decades Shaped Calcutta.](#)